

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ  
বুড়িচং, কুমিল্লা।



স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.৪১.১৪১.২১-৬৬

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষে ইউনিয়ন ওয়ারী ডিজিএফ আর্থিক সহায়তা প্রদান।

সূত্রঃ জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-৫১.০১.১৯১.০২৫.৪১.০০৪.২০.৩০৭, তারিখ : ২৬ এপ্রিল, ২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে ডিজিএফ কর্মসূচির আওতায় বুড়িচং উপজেলায় ৭৬৭৬টি কার্ডের বিপরীতে অতি দরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য কার্ড প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সর্বমোট ৩৪,৫৪,২০০/- (চৌত্রিশ লক্ষ চুয়ান হাজার দুইশত) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপ্রাপ্ত ডিজিএফ অর্থ সোনালী ব্যংক লিঃ বুড়িচং শাখার চলতি হিসাব নং-১৩০৫২০২০০০৫৫৫ হতে নিম্নে উল্লিখিত ইউনিয়নে পুনঃবরাদ্দকৃত আর্থিক সহায়তা প্রদান বাবদ অর্থ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এর অনুকূলে ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা হলো।

ক্রমিক	ইউনিয়নের নাম	পুনঃবরাদ্দকৃত কার্ড সংখ্যা	বরাদ্দকৃত আর্থিক সহায়তার পরিমাণ (টাকা)	চেক নং	
১	রাজাপুর	৭৬০	৩,৪২,০০০/-	৯৪২৭৮৫৯	আগামী ০১-০৫-২০২১খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ কার্যক্রম শেষ করতে হবে।
২	বাকশীমুল	৮০৫	৩,৬২,২৫০/-	৯৪২৭৮৬০	
৩	বুড়িচং	৯৭৫	৪,৩৮,৭৫০/-	৯৪২৭৮৬১	
৪	যোলনল	৯১৫	৪,১১,৭৫০/-	৯৪২৭৮৬২	
৫	পীরযাত্রাপুর	৬৪৫	২,৯০,২৫০/-	৯৪২৭৮৬৩	
৬	ময়নামতি	১১৫০	৫,১৭,৫০০/-	৯৪২৭৮৬৪	
৭	মোকাম	১২২৫	৫,৫১,২৫০/-	৯৪২৭৮৬৫	
৮	ভারেল্লা (উঃ)	৫২৬	২,৩৬,৭০০/-	৯৪২৭৮৬৬	
৯	ভারেল্লা (দঃ)	৬৭৫	৩,০৩,৭৫০/-	৯৪২৭৮৬৭	
সর্বমোট=		৭,৬৭৬	৩৪,৫৪,২০০/- টাকা		

শর্তাবলী:

- ডিজিএফ নগদ অর্থ বিতরণে মাননীয় সংসদ সদস্যকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।
- আসন্ন পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে বরাদ্দকৃত ডিজিএফ আর্থিক সহায়তা বাবদ অর্থ প্রাপ্য উপকারভোগীর অনুকূলে প্রদানকৃত টাকার খামের উপরে- “কোভিড-১৯ বিস্তার রোধকল্পে বিধি-নিষেধ আরোপ করায় কর্মহীন হওয়া ব্যক্তিদেরকে-মাননীয় প্রধানমন্ত্রীর উপহার” বক্তব্য সম্বলিত স্লোগান ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- জরুরী ভিত্তিতে উপকারভোগীর নামের তালিকা অনুমোদন পূর্বক আগামী ০১-০৫-২০২১খ্রিঃ তারিখ সরকারী অফিস চলাকালীন সময়ের মধ্যে পুনঃবরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) উত্তোলন ও বিতরণ কার্যক্রম শেষ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত সকল দায় দায়িত্ব সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে বহন করতে হবে।
- উপজেলা মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত উপকারভোগীদের তালিকা অনুযায়ী ডিজিএফ (আর্থিক) নগদ টাকা বিতরণ করতে হবে। অনুমোদিত তালিকার বাহিরে কোনক্রমেই অর্থ বিতরণ করা যাবে না।
- ডিজিএফ অর্থ বিতরণের তারিখ নির্ধারণ করে সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারকে আমন্ত্রণ জানাতে হবে এবং তাঁর উপস্থিতিতে উপকারভোগীদের মাঝে নগদ অর্থ বিতরণ করতে হবে এবং বিতরণের তালিকায় সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের প্রতিনিধিত্ব গ্রহণ করতে হবে।
- ডিজিএফ নগদ অর্থ বিতরণ শেষে বিতরণ প্রতিবেদন ও বিতরণের মাস্টাররোল ভবিষ্যত নিরীক্ষার জন্য বিতরণ পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়ে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান

.....ইউপি (সকল)

বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.৪১.১৪১.২১-৬৬

অনুলিপি: সদয় অবগতির/অবগতির জন্য প্রেরণ করা হলো:

- মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কুমিল্লা-৫।
- জেলা প্রশাসক, কুমিল্লা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।
- উপজেলা ..... কর্মকর্তা ও ট্যাগ অফিসার, ..... ইউনিয়ন, বুড়িচং, কুমিল্লা।
- চেয়ারম্যান.....ইউপি (সকল), বুড়িচং, কুমিল্লা-তাকে শর্তাবলীর আলোকে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় এতদসংক্রান্ত দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

VGF

স্বাঃ-  
মোহাম্মদ সাবিনা ইয়াসমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
বুড়িচং, কুমিল্লা  
ফোনঃ ০৮০২৯-৫৬১০০  
unoburichang1@gmail.com  
তারিখঃ ২৮/০৪/২০২১খ্রিঃ

উপজেলা নির্বাহী অফিসার  
বুড়িচং, কুমিল্লা।

২৮/৪/২১